

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৯০৯

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ (১৯) তামাতু'হজ প্রসঙ্গে বর্ণনা - তামাতু'হজ করার নির্দেশ এবং এটি কিরান ও ইফরাদ হজ অপেক্ষা উত্তম মর্মে বর্ণনা

19 - باب التَّمَتُّعِ - ذِكْرُ الْأَمْرِ بِالتَّمَتُّعِ لِمَنْ أَرَادَ الْحَجَّ وَاسْتِحْبَابَهُ وَإِثَارِهِ عَلَى الْقِرَانِ وَالْإِفْرَادِ مَعًا

আরবী

3909 - أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيٍّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ حَدَّثَنَا الْمُقْرِيُّ حَدَّثَنَا

حَيْوَةُ وَذَكَرَ أَبُو يَعْلَى آخَرَ مَعَهُ قَالَا: سَمِعْنَا يَزِيدَ بْنَ أَبِي حَبِيبٍ يَقُولُ: حَدَّثَنِي أَبُو عِمْرَانَ: أَنَّهُ حَجَّ مَعَ مَوَالِيهِ قَالَ: فَاتَيْتُ أُمَّ سَلَمَةَ أُمَّ الْمُؤْمِنِينَ فَقُلْتُ: يَا أُمَّ الْمُؤْمِنِينَ إِنِّي لَمْ أَحِجَّ قَطُّ فَبِأَيِّهِمَا أَبْدَأُ بِالْعُمْرَةِ أَمْ بِالْحَجِّ؟ قَالَتْ: أِبْدَأُ بِأَيِّهِمَا شِئْتَ قَالَ: ثُمَّ أَتَيْتُ صَفِيَّةَ أُمَّ الْمُؤْمِنِينَ فَسَأَلْتُهَا فَقَالَتْ لِي مِثْلَ مَا قَالَتْ قَالَ: ثُمَّ جِئْتُ أُمَّ سَلَمَةَ فَأَخْبَرْتُهَا بِقَوْلِ صَفِيَّةَ فَقَالَتْ لِي أُمَّ سَلَمَةَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (يَا آلَ مُحَمَّدٍ مَنْ حَجَّ مِنْكُمْ فَلْيُهِلَّ بِعُمْرَةٍ فِي حِجَّةٍ)

الراوي : يَزِيدُ بْنُ أَبِي حَبِيبٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3909 | خلاصة حكم المحدث: صحيح - ((الصحيحة)) (2469).

قَالَ أَبُو حَاتِمٍ: أَبُو عِمْرَانَ هَذَا اسْمُهُ أَسْلَمُ أَبُو عِمْرَانَ مِنْ ثِقَاتِ أَهْلِ مِصْرَ.

বাংলা

৩৯০৯. ইয়াযিদ বিন আবু হাবীব থেকে বর্ণিত, তিনি বলেন, “আবু ইমরান বর্ণনা করেছেন যে, তিনি তার মুনীবের সাথে হজ করেছেন। তিনি বলেন, “অতঃপর আমি উম্মুল মুমিনীন উম্মু সালামাহ রাদিয়াল্লাহু আনহাকে বললাম, হে উম্মুল মুমিনীন, আমি আগে কখনো হজ করিনি, আমি উমরাহ নাকি হজ কোনটা দিয়ে শুরু করবো?” তিনি জবাবে বলেন, “তুমি যে কোন একটা দিয়ে শুরু করতে পারো।” রাবী বলেন, “তারপর আমি উম্মুল মুমিনীন সাফিয়্যাহ রাদিয়াল্লাহু আনহার কাছে এসে অনুরূপ প্রশ্ন করলে তিনিও উম্মু সালামাহ রাদিয়াল্লাহু আনহার মতো

জবাব দেন।” রাবী বলেন, “তারপর আমি উম্মু সালামাহ রাঈয়ালাহ্ আনহার কাছে এসে সাফিয়্যাহ রাঈয়ালাহ্ আনহার কথা তাকে অবহিত করি। তখন উম্মু সালামাহ রাঈয়ালাহ্ আনহা বলেন, “আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, “হে মুহাম্মাদের পরিবার-পরিজন, তোমাদের মাঝে যে ব্যক্তি হজ করবে, সে যেন হজের মাঝে উমরাহর ইহরাম বাঁধে।”[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাল্লাহু বলেন, “হাদীসের রাবী আবু ইমরান হলেন আসলাম আবু ইমরান। তিনি মিসরের একজন নির্ভরযোগ্য রাবী।”

ফুটনোট

[1] মুসনাদ আবু ইয়াল্লা: ১/৩২৫; মুসনাদ আহমাদ: ৬/৩১৭; তাবারানী আল কাবীর: ২৩/৭৯১; সুনান বাইহাকী: ৪/৩৫৫; হাইসামী, মাজমাউয যাওয়াইদ: ৩/২৩৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহু হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাল্লাহু হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ২৪৬৯)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ ইয়াযীদ ইবনে আবু হাবীব (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93248>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন